'শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা'

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
http:// www.dwa.gov.bd

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০-২৯৪ তারিখ: ১০/০৮/২০২৩

**বিষয়: মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের ভাতাভোগী নির্বাচন প্রসংগে।**

সূত্র: ৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০-২৯১ তারিখ: ০১/০৮/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর পরিচালিত মা ও শিশু সহায়তা কর্মসূচির ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য উপজেলার ক্ষেত্রে ইউনিয়ন, পৌরসভার ক্ষেত্রে পৌরসভাভিত্তিক এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ডভিত্তিক ভাতাভোগীর সংখ্যা বিভাজন করা হয়েছে। সূত্রোস্থ পত্রের সাথে সংযুক্ত বিভাজন তালিকা বর্তমান অর্থবছরে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতাভুক্ত হওয়া ৪২৫ টি উপজেলায় প্রতিটি ইউনিয়নে প্রতি মাসে ০৬ জন এবং বাকী ৬৮ টি উপজেলায় প্রতিটি ইউনিয়নে প্রতি মাসে ১৫ জন ভাতাভোগীর বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই মাস থেকে এ বিভাজন কার্যকর হবে। সদর কার্যালয় হতে পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত উল্লেখিত বরাদ্দ অনুযায়ী ভাতাভোগী নির্বাচন করতে হবে। পূর্ববর্তী কোন বিভাজন বর্তমান অর্থবছরে কার্যকর হবে না। প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে ভাতাভোগী নির্বাচন চূড়ান্ত করতে হবে।

এমতাবস্থায়, ভাতাভোগী নির্বাচনের শর্ত মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে ডাটা এন্ট্রিসহ ভাতাভোগী নির্বাচনের জন্য বলা হলো।

১০/০৮/২০২৩
মনোয়ারা ইশরাত
পরিচালক (যুগ্মসচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
ও
কর্মসূচি পরিচালক
মা ও শিশু সহায়তা কর্মসূচি

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার (সকল)
২। জেলা প্রশাসক (সকল)
৩। মেয়র (সকল)
৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর...............(সকল জেলা)
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা ( সকল উপজেলা)
৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

জ্ঞাতার্থে অনুলিপিঃ
১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা ( মহাপরিচালকের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট

স্মারক নং - ৩২.০১.৯১০০.০০০.১৬.০০৩.১৯- ৪৬৫ তারিখ: ০৩/০৮/২০২৩

বিষয় : মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের ভাতাভোগী নির্বাচন প্রসঙ্গে।

সূত্র : ৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০-২৯১ তারিখ : ০১/০৮/২০২৩ খ্রি:'

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই/২০২৩ হতে প্রতি মাসে ( প্রতি ইউনিয়নে ৬জন করে) বরাদ্দ অনুযায়ী সিলেট সদর উপজেলার ইউনিয়নসমূহে ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী প্রতি ইউনিয়নে নীতিমালার শর্তপূরণ সাপেক্ষে গর্ভবতী মহিলা নিজে ইউনিয়নে ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০/- টাকা ফি প্রদানের বিনিময়ে অথবা তথ্য আপা/তথ্যসেবা সহকারীর নিকট বিনামূল্যে আবেদন করতে পারবেন। আবেদন করার সময় আবেদনকারীর ০৪-০৬ মাসের গর্ভাবস্থায় থাকবেন। সেই মোতাবেক প্রত্যেক ইউনিয়নের জুলাই/২০২২ থেকে আগষ্ট/২০২৩ মাস পযন্ত প্রত্যেক মাসের বরাদ্দ অনুযায়ী নীতিমালা অনুসরণ পূর্বক দুস্থ: গর্ভবতী মহিলাদের ডাটা এন্ট্রি মহিলা বিষয়ক অধিদপ্তররের ওয়েবসাইট http://dwamcbp.gov.bd/mcbp/login এ অনলাইনে আগামী ২০/০৮/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং ভাতাভোগীদের তালিকা ও সংশ্লিষ্ট কাগজপত্র ২১/০৮/২০২৩ তারিখে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অনলাইনে ডাটা এন্ট্রি করার সময় মহিলাদের নামে ব্যাংক হিসাব নম্বর অবশ্যই দিতে হবে।

উল্লেখ্য যে, সেপ্টেম্বর/২০২৩ থেকে জুন/২০২৪ পযন্ত ধারাবাহিকভাবে উপকারভোগীদের ডাটা এন্ট্রির কাযক্রম প্রতিমাসের ২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

**<u>আবশ্যকীয় শর্তাবলী :</u>**

১। মহিলার বয়স ২০-৩৫ হতে হবে এবং প্রথম অথবা দ্বিতীয় গর্ভাবস্থায় হতে হবে
২। জাতীয় পরিচয়পত্র থাকতে হবে
৩। আবেদনকারীর মাসে ৪ থেকে ৬ মাসের গর্ভাবস্থায় থাকতে হবে
৪। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/ পরিবার পরিকল্পনা দপ্তর কর্তৃক এ.এন. সি কার্ড ( এন্টি নেটাল কেয়ার কার্ড থাকতে হবে)
৫। নিজস্ব মোবাইল/ এজেন্ট/অনলাইন ব্যাংক একাউন্টসহ আবেদন করতে হবে

শামছুন্নাহার
প্রোগ্রাম অফিসার
মহিলা বিষয়ক অধিদপ্তর
সিলেট।

চেয়ারম্যান
.................ইউনিয়ন পরিষদ
সিলেট সদর, সিলেট

সদয় অবগতির জন্য অনুলিপি :
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট
২। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট
৩। তথ্যসেবা কর্মকর্তা, তথ্যআপা প্রকল্প, সিলেট সদর, সিলেট।
৪। ইউনিয়ন উদ্যোক্তা, ......................ইউনিয়ন পরিষদ, সিলেট সদর, সিলেট
৫। অফিস কপি